# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### MORNING NEWS BULLETIN

**BENGALI**

**27 July 2026** **7:35 AM IST**

==========================================================================

দেশ আগামী ৭ই আগষ্ট হঁস্ততাত দিবস উদযাপন করবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানে অংশ নিয়ে হাতে তৈরী সামগ্রীর ব্যবহারের মাধ্যমে বয়নশিল্পীদের উৎসাহিত করা সহ ভকেল ফর লোকেল ধারণাকে আরো শক্তিশালী করে তুলতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী শ্রীমোদী আগামী ১৫ ই আগষ্ট উদযাপন করতে যাওয়া স্বাধীনতা দিবসের কথা উল্লেখ করে বলেন যে এই দিনটিতে দেশের স্বাধীনতার জন্য সর্বস্ব ত্যাগ করা বীর শহীদদের স্মরণ করা হয় । তিনি বলেন গত বছরগুলিতে হর ঘর ত্রিরংগা অভিযানে সমগ্র দেশ একত্রিত হয়েছিল । প্রধানমন্ত্রী জনসাধারণকে ১৫ ই আগষ্টের আগে মাই গভট ওপেন ফোরামে তাদের নতুন নতুন ধারণা ও পরামর্শ প্রদান করতে আহ্বান জানান ।

---

কাছাড় জেলার উধারবন্দ বিধানসভা কেন্দ্র এলাকার পানগ্রামের কে ডি রড ইন্ডাস্ট্রির ম্যানেজার সহ মোট চার জন ব্যাক্তিকে আটক করা হয়েছে । এছাড়া ঘটনার তদন্ত করতে ফরেনসিক তদন্তের দল আসছে এবং ঘটনার সত্যতা যাচাই করতে ম্যাজিষ্ট্রেট পর্য্যায়ের তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে । উধারবন্দে গতকাল ঘটে যাওয়া ভয়াবহ এলপিজি সিলিন্ডার বিস্ফোরনে চারজন শ্রমিকের মৃত্যু হয়েছে এবং কয়েকজন শ্রমিক গুরুতর আহত হয়েছেন । আহতদেরকে উদ্ধার করে শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে । নিহত শ্রমিকদের মধ্যে একজন আগরতলার বলে জানা গেছে । প্রাথমিক তথ্য অনুযায়ি কারখানার ভেতরে এলপিজি সিলিন্ডার বিস্ফোরণ ঘটার সঙ্গে সঙ্গেই ঘটনাস্থলে তিনজন শ্রমিকের মৃত্যু হয় । পরে গুরুতর আহত আরও একজন শ্রমিকের চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় । হতাহতের সংখ্যা আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে ।

এদিকে রাজ্যের খাদ্য ও গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের মন্ত্রী কৌশিক রাই , কাছাড়ের জেলা আয়ুক্ত রাহুল কুমার গুপ্তা ঘটনা স্থলে পৌছান । পরে সাংবাদিদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী শ্রী রাই জানান যে বিস্ফোরণের প্রকৃত কারণ এখনো জানা যায়নি । বিস্ফোরণের সম্ভাব্য উৎস্যের তদন্ত অব্যাহত রয়েছে বলে উল্লেখ করে শ্রী রাই নিহত শ্রমিকদের পরিবারকে ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে ঘোষণা করেন । মন্ত্রী শ্রী রাই জানান ---

# বাইট #

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , কাছাড়ের অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , উধারবন্দের বিধায়ক রাজদীপ গোয়ালা এই ঘটনার খোঁজ নিয়েছেন । নিরাপত্তার স্বার্থে কারখানার প্রধান প্রবেশ দ্বার বন্ধ করে দেওয়া হয়েছে এবং পুরো এলাকায় কড়া পুলিশি নজরদারি অব্যাহত রয়েছে ।

---

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গত শনিবার গভীর রাতে আসম-মিজোরাম সীমান্তবর্তী লায়লাপুর এলাকায় বিশেষ অভিযান চালিয়ে সাড়ে ছ কোটী টাকার হেরোইন বাজেয়াপ্ত করে এবং ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে  দুজন ব্যাক্তিকে আটক করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে পুলিশ সুপার সঞ্জীব কুমার শইকিয়ার নেতৃত্বে চালানো অভিযানে মিজোরাম থেকে আসা একটি ট্রাকের ভিতর কৌশলে লুকিয়ে রাখা বিপুল পরিমানের হেরোইন বাজেয়াপ্ত করা হয়েছে । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

শ্রীভূমি জেলার রামকৃষ্ণনগর মন্ডল বিজেপির উদ্যোগে গতকাল রামকৃষ্ণনগর দলীয় কার্য্যলয়ে  এক বিশেষ সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়েছে । রামকৃষ্ণনগর মন্ডল বিজেপির সভাপতি প্রীতম পালের পৌরহিত্যে আয়োজিত সভায় সাংগঠনিক কাককর্ম আরো শক্তিশালী ও গতিশীল করার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় শ্রীভূমি জেলা বিজেপির সভাপতি সঞ্জীব বণিক , জেলা বিজেপির প্রভারী দীপায়ন চক্রবর্তী সহ দলীয় পদাধিকারী , শক্তিকেন্দ্র প্রমূখ , গ্রাম পঞ্চায়েত সভাপতি এবং আঞ্চলিক পঞ্চায়েত সদস্যরা অংশগ্রহন করেন ।

---

শ্রীভূমি জেলার পাথারকান্দি খন্ড উন্নয়ন আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে পাথারকান্দি খন্ড উন্নয়ন কার্য্যলয়ে আজ থেকে তিনদিনের আধার সিডিং এবং ডিবিটি শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে অরুণোদয় তৃতীয় পর্য্যায় , প্রধানমন্ত্রী আবাস যোজনা , জাতীয় সামাজিক সহায়তা প্রকল্প সহ সরকারী প্রকল্পের হিতাধিকারীদের উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে । হিতাধিকারীদের আধার সিডিং এবং ডিবিটি সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় নথি সঙ্গে নিয়ে আসতেও বলা হয়েছে ।

---

নিরাময় স্কুল অব যোগ এডুকেশনের উদ্যোগে সংবাদ মাধ্যমের কর্মীদের শারিরীক সুস্থতা , মানসিক দৃঢ়তা , আবেগগত ভারসাম্য এবং দৈহিক প্রশান্তি গড়ে তোলার লক্ষ্যে গতকাল শিলচরে যোগ সুস্থতা কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে । বরাক উপত্যকায় প্রথমবারের মতো শুধুমাত্র সংবাদ মাধ্যমের কর্মীদের জন্য এই বিশেষ যোগ শিবিরের আয়োজন করা হয় । শিবিরে যোগব্যায়াম , শ্বাস-প্রশ্বাসের অনুশীলন , মানসিক চাপ নিয়ন্ত্রন  এবং সুস্থ জীবন যাপনের বিভিন্ন দিক নিয়ে অনুশীলন করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলায় আগামী ১৫ই আগষ্ট স্বাধীনতা দিবস পালনের কার্যসূচী স্থির করতে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে একটি প্রস্তুতি সভা অনুস্টিত হবে । সভা সকাল ১১টায় শুরু হবে ।

---